

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৩৬.২০১৪.

২৯৮

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ।  
১৩ এপ্রিল, ২০১৭ খ্রিষ্টাব্দ।

### অফিস আদেশ

যেহেতু, দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলার সাতনালা ইউনিয়নের চেয়ারম্যান জনাব এ কে এম ফজলুর রহমান দুলাল এর বিরুদ্ধে উত্থাপিত চাকুরি দেয়ার নাম করে অর্থ আত্মসাতের অভিযোগ জেলা প্রশাসক, দিনাজপুরের তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, জেলা প্রশাসক, দিনাজপুর কার্যালয়ের তদন্তে উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব এ কে এম ফজলুর রহমান দুলাল এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ সদস্যকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০৩৬.২০১৪.

২৯৮

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ।  
১৩ এপ্রিল, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব এ কে এম ফজলুর রহমান দুলাল (সাময়িক বরখাস্তকৃত), চেয়ারম্যান, সাতনালা ইউনিয়ন পরিষদ, চিরিরবন্দর, দিনাজপুর।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব